



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



২০২০ সালের জেডিসি পরীক্ষার শিক্ষার্থীদের online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং-বামাশিবো/পরীক্ষা/জেডিসি-২০২০/৪৩২

তারিখ : ০৩ মাঘ, ১৪২৭
১৭ জানুয়ারি, ২০২১

এতদ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেডিসি পরীক্ষা গ্রহণ না করে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণীতে উত্তীর্ণ করা হয়েছে। ইতোমধ্যে এ সকল শিক্ষার্থীদের জেডিসি পরীক্ষার উত্তীর্ণ সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শিক্ষার্থীদের জেডিসি পরীক্ষার উত্তীর্ণ সনদ প্রদানের লক্ষে online এ ফরম পূরণের নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

১। online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত তালিকা মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd) -এ ২১/০১/২০২১ ইং তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ২৩/০১/২০২১ থেকে ৩১/০১/২০২১ তারিখের মধ্যে online এ নিম্ন বর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

- প্রতিষ্ঠানসমূহকে মাদ্রাসা বোর্ডের ওয়েবসাইটে (www.ebmeb.gov.bd) প্রবেশ করে eFF এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং print করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করতে হবে।
- উক্ত হার্ড কপি Probable list এ টিক চিহ্নিত শিক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে।
- Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select /Unselect করা যাবে।
- Final Candidate List Print করে প্রতি পৃষ্ঠায় মাদ্রাসা প্রধান স্বাক্ষর করবেন।
- Final submit বাটন এ ক্লিক করে অবশ্যই Final submit করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পন্ন হবে না।
- Final submit সম্পন্ন না হলে উত্তীর্ণ সনদ দেয়া হবে না।

২। ফরম পূরণ করতে কোন 'ফি' প্রয়োজন হবে না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল : controller@bmeb.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:

- সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা।
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন জেডিসি পরীক্ষা সংশ্লিষ্ট সকল মাদ্রাসা প্রধান।
- অফিস কপি।